**দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবাপ্রদান প্রক্রিয়া সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে ১৯ জানুয়ারি, ২০২০ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণীঃ**

সভাপতিঃ এ,টি,এম, কামরুল ইসলাম তাং
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

স্থানঃ পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর অফিস কক্ষ

তারিখঃ ১৯ জানুয়ারি, ২০২০ খ্রিঃ

সময়ঃ দুপুর ১২:০০ টা

উপস্থিতিঃ পরিশিষ্ট “ক” সংযুক্ত।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে প্রারম্ভিক বক্তব্য প্রদান করেন। অতঃপর সভায় সর্বসম্মতিক্রমে পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

২। অতঃপর সভাপতির অনুমোদনক্রমে উপপরিচালক (পরিকল্পনা) আলোচ্য বিষয় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ২.১ | Call rate & other facilities of Corporate SIM | কলরেট কমানোর বিষয়ে আলোচনার জন্য উপপরিচালক (প্রশমন),কর্পোরেট সীমের অপারেটর গ্রামীণ ফোনের সংশ্লিষ্ট কর্মকর্তাকে অধিদপ্তরের পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর দপ্তরে আসার জন্য পত্র দিয়েছেন কিনা সভাপতি তা জানতে চাইলে, উপপরিচালক (প্রশমন) জানান এখনো পত্র দেয়া হয়নি। পত্র না দেয়ায় সভায় ক্ষোভ প্রকাশ করা হয়।<br>**সিদ্ধান্তঃ**<br>১। উপপরিচালক (প্রশমন), কর্পোরেট সীমের অপারেটর গ্রামীণ ফোনের সংশ্লিষ্ট কর্মকর্তাকে কলরেট কমানোর বিষয়ে আলোচনার জন্য অধিদপ্তরের পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর দপ্তরে আসার জন্য জরুরি ভিত্তিতে পত্র দিবেন। | উপপরিচালক (প্রশমন) |
| ২ | Grievance Redress System (GRS) | এ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত GRS System কার্যকর করণের জন্য অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণকে প্রশিক্ষণ দেয়ার বিষয়ে সভায় আলোচনা হয় কিন্তু প্রশিক্ষণ অনুবিভাগ থেকে উপপরিচালক (প্রশিক্ষণ) বা উপপরিচালক (গবেষণা) সভায় উপস্থিত না থাকায় এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যায়নি।<br>**সিদ্ধান্তঃ**<br>১। এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের স্বার্থে পরবর্তী সভায় উপপরিচালক (প্রশিক্ষণ) উপস্থিত থাকবেন। | উপপরিচালক (প্রশিক্ষণ/গবেষনা) |
| | Digital gate & digital display in entrance of DDM | ডিজিটাল ডিসপ্লেসহ একটি দৃষ্টিনন্দন গেইট এবং গেইটের সাথে মানানসই বাউন্ডারি ওয়াল নির্মাণ "আরবান রেজিলিয়েন্স (ডিডিএম অংশ)" প্রকল্পের তহবিল হতে বাস্তবায়ন করার বিষয়টি এখনো বাস্তবায়ন শুরু হয়নি মর্মে উপপরিচালক (প্রশাসন-২) সভাকে অবহিত করেন।<br>**সিদ্ধান্তঃ**<br>১। উপপরিচালক (প্রশাসন-২) কে আগামী সভার পূর্বেই "আরবান রেজিলিয়েন্স প্রকল্প (ডিডিএম অংশ)"এর প্রকল্প পরিচালকের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রেখে এর বাস্তবায়নের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। নির্বাহী প্রকৌশলী (মৃওপ) ও জনাব মোঃ নুরুল হুদা, সহকারী প্রকৌশলী এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন। | উপপরিচালক (প্রশাসন-২), নির্বাহী প্রকৌশলী (মৃওপ) ও জনাব মোঃ নুরুল হুদা, সহকারী প্রকৌশলী |



Scanned by CamScanner

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ২.৪ | Keep the DDM library running & useful | অধিদপ্তরের লাইব্রেরীটি ব্যবহার উপযোগী করার বিষয়ে আলোচনা হয়।<br>**সিদ্ধান্তঃ** ১। উপপরিচালক (গবেষণা) পদায়নকৃত উচ্চমান সহকারীর সহযোগিতায় লাইব্রেরীটি ব্যবহার উপযোগী করার বিষয়টি নিশ্চিত করবেন। | উপপরিচালক (গবেষণা), জনাব নুরুন নাহার, উচ্চমান সহকারী |
| ২.৫ | Prepare E-service roadmap for DDM | SMoDMRPA প্রকল্পের ডাটাবেজ স্পেশালিষ্ট জানান SMoDMRPA প্রকল্পের সহায়তায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এ বিষয়টি বাস্তবায়ন করছে।<br>**সিদ্ধান্তঃ** ১। মন্ত্রিপরিষদ বিভাগ ও a2i কর্মসূচি হতে এ বিষয়ে নির্দেশনা পেলে উপপরিচালক (প্রশিক্ষণ) সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করবেন। | উপপরিচালক (প্রশিক্ষণ) |
| ২.৬ | বিবিধঃ<br>(ক) প্রণোদনা | উপপরিচালক (পরিকল্পনা) বলেন যে, বারবার তাগিদ দেয়া সত্ত্বেও জুলাই-সেপ্টেম্বর প্রান্তিকের জন্য শ্রেষ্ঠ কর্মকর্তা/কর্মচারীর নাম তিনটি ছাড়া অন্যান্য অনুবিভাগ থেকে পাওয়া যায়নি।<br>**সিদ্ধান্তঃ**<br>১। উপপরিচালক (পরিকল্পনা) যে সকল অনুবিভাগ থেকে নাম পাওয়া যায়নি সে সকল অনুবিভাগেকে এক সপ্তাহ সময় দিয়ে পুণরায় পত্র দিবেন। | উপপরিচালক (পরিকল্পনা) |
| | খ) ডকুমেন্টেশন কমিটি | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সার্বিক কার্যাবলী ও ভূমিকা এবং ঘূর্ণিঝড় ও বন্যা বিষয়ে ডকুমেন্টারী তৈরীর বিষয়ে সরকারি সংস্থা ডি এফ পি হতে প্রাপ্ত তথ্য উপপরিচালক (এমআইএম) সভায় উপস্থাপন করতে না পারায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়।<br>**সিদ্ধান্তঃ**<br>১। উপপরিচালক (এমআইএম) ডি এফ পি হতে প্রাপ্ত তথ্য আগামী সভায় উপস্থাপন করবেন। | উপপরিচালক (এমআইএম) |
| | গ) দুর্যোগ বিষয়ক মহড়া আয়োজন | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে, দুর্যোগ বিষয়ক মহড়া আয়োজনের বিষয়ে আলোচনা হয়। উপপরিচালক (ত্রাণ-১) সভায় উপস্থিত না থাকায় এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যায়নি।<br>**সিদ্ধান্তঃ**<br>১। উপপরিচালক (ত্রাণ-১),আগামী সভায় এ বিষয়ে তথ্য উপস্থাপন করবেন। | উপপরিচালক (ত্রাণ-১) |
| | ঘ) বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন | উপপরিচালক (পরিকল্পনা) জানান, বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা গত ০৪-০৭-২০১৯ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। উক্ত ইনোভেশন কর্মপরিকল্পনায় ৫(পাঁচ)টি উদ্ভাবনী কর্মপরিকল্পনার কথা উল্লেখ করা হয়েছে; যা নিম্নরূপ:<br>১। SMS Based Information for Social Safety net Programme;<br>২।Mobile Apps for Shelter Management Information System (GIS-based)<br>৩। Mobile Apps for Documentation on Different Disaster<br>৪। Grievance Redress System(GRS)<br>৫। IT Based Operationalization of the Help Desk<br>এ বিষয়ে প্রোগ্রামার বলেন, WFP একটি সফটওয়্যার তৈরি করছে যাতে ১নং পরিকল্পনার উদ্দেশ্য বাস্তাবয়ন হয়ে যাবে। ২নং পরিকল্পনাটির বিষয়ে সহকারী পরিচালক (জি আই এস) সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা যায়নি। ৩নং পরিকল্পনাটির পরিবর্তে প্রোগ্রামার কর্তৃক কম অর্থসংশ্লেষ আছে এরূপ পরিকল্পনা Disaster Dictionaryর বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। এ দুটি পরিকল্পনার তুলনামূলক তথ্যাদি আগামী সভায় উপস্থাপন করার জন্য প্রোগ্রামারকে অনুরোধ করা হয়। ৪নং পরিকল্পনা ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক | উপপরিচালক (এমআইএম), প্রোগ্রামার, সহকারী পরিচালক (জি আই এস) ও ভারপ্রাপ্ত কর্মকর্তা , জরুরী সাড়াদান কেন্দ্র। |



Scanned by CamScanner

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| | বাস্তবায়িত হয়েছে বিধায় অধিদপ্তরের বাস্তবায়নের প্রয়োজন নেই এবং ৫নং পরিকল্পনার বিষয়ে উপপরিচালক (এমআইএম), প্রোগ্রামার ও জরুরী সাড়াদান কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যবস্থা নিবেন মর্মে আলোচনা হয়।<br>**সিদ্ধান্তঃ**<br>১। ১নং পরিকল্পনার বিষয়ে প্রোগ্রামার পরবর্তী সভায় হালনাগাদ তথ্য উপস্থাপন করবেন। ২ নং পরিকল্পনার বিষয়ে সহকারী পরিচালক (জি আই এস), ৩নং পরিকল্পনার বিষয়ে প্রোগ্রামার আগামী সভায় তথ্য উপস্থাপন করবেন। ৪নং পরিকল্পনা ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাস্তবায়িত হয়েছে বিধায় অধিদপ্তরের বাস্তবায়নের প্রয়োজন নেই। ৫ নং পরিকল্পনার বিষয়ে উপপরিচালক (এমআইএম), প্রোগ্রামার ও জরুরী সাড়াদান কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা আগামী সভায় তথ্য উপস্থাপন করবেন। | |
| ঙ) ভিডিও কনফারেন্স | সভাপতি বলেন, মাঠ পর্যায়ের কার্যক্রমের গতিশীলতা আনয়নের লক্ষ্যে অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সাথে মাঠ পর্যায়ে কর্মরত জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাদের ভিডিও কনফারেন্স এর আয়োজন করা যেতে পারে। সপ্তাহের রবি এবং বুধবার ব্যতীত অন্যান্য দিনে এই ভিডিও কনফারেন্সের আয়োজন করা যেতে পারে বলে তিনি মত প্রকাশ করেন। ভিডিও কনফারেন্সিং এর জন্য জেলা ও উপজেলার তালিকা প্রণয়নের জন্য তিনি উপপরিচালক (প্রশাসন-২)কে দায়িত্ব প্রদান করেন।<br>**সিদ্ধান্তঃ**<br>১। উপপরিচালক (প্রশাসন-২) ভিডিও কনফারেন্সিং এর জন্য সম্ভাব্য জেলা ও উপজেলার তালিকা প্রণয়ন করবেন। | উপপরিচালক (প্রশাসন-২) |
| চ) ইনোভেশন এর উপর Refreshment Training আয়োজন। | সভাপতি, মন্ত্রিপরিষদ বিভাগ ও a2i প্রকল্পের সহায়তায় ইনোভেশন এর উপর Refreshment Training আয়োজনের উপর গুরুত্ব আরোপ করেন।<br>**সিদ্ধান্তঃ**<br>১। উপপরিচালক (প্রশিক্ষণ) ইনোভেশন এর উপর Refreshment Training আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবেন। | উপপরিচালক (প্রশিক্ষণ) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/৭/২০২০

(এ,টি,এম, কামরুল ইসলাম তাং)
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)

Scanned by CamScanner

স্মারক নং-৫১.০১.০০০০.০৩১.০৬.০০১.১৯ - ২৬/১

তারিখঃ ২৬ জানুয়ারি, ২০২০ খ্রিঃ

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ ও গবেষণা/পরিকল্পনা ও উন্নয়ন/এম আই এম/ত্রাণ/মূল্যায়ন ও পরিবীক্ষণ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, আরবান রেজিলিয়েন্স প্রকল্প (ডিডিএম অংশ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর,ঢাকা।
৩। উপসচিব (আইন) ও সদস্য সচিব, ইনোভেশন কমিটি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপপরিচালক (প্রশাসন-১/প্রশাসন-২/বাজেট ও হিসাব/পরিকল্পনা/প্রশিক্ষণ/গবেষণা/প্রশমন/এমআইএম/ মুওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৫। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৬। নির্বাহী প্রকৌশলী (মুওপ),দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৭। সহকারী পরিচালক (প্রশাসন/যানবাহন/জিআইএস), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৮। কমিউনিকেশন মিডিয়া স্পেশালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা,জরুরি সাড়া দান কেন্দ্র, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১০। মোঃ নুরুল হুদা,সহকারি প্রকৌশলী (কাবিখা),দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১১। জনাব নুরুন নাহার, উচ্চমান সহকারী, মু ও প-৩ শাখা,দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। অফিস নথি।

২৬/০১/২০২০

(মোহাম্মদ হারুন অর রশিদ)
উপপরিচালক (পরিকল্পনা)
ও
সদস্য-সচিব
ইনোভেশন টিম
ফোন: ৯২৫৯৬৩১
r.harun1986@gmail.com

Scanned by CamScanner